বাংলাদেশ নির্বাচন কমিশন

# উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়

পাটগ্রাম, লালমনিরহাট।

www.ecs.gov.bd

ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১

## উপলক্ষে মনোনয়ন পত্র গ্রহণ ও দাখিলের নিয়মাবলীঃ

<table>
<tr><td rowspan="3">১।</td><td colspan="4">রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে মনোনয়নপত্র সংগ্রহ</td></tr>
<tr><td colspan="4">মনোনয়নপত্র সংগ্রহের সময় ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের মূল্য বাবদ ৫০০/- টাকা ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপি রিটার্নিং অফিসারের কার্যালয়ে জমা দিয়ে মনোনয়ন পত্র গ্রহণ করবেন।</td></tr>
<tr><td colspan="4">সিডির টাকা জমাদানের কোড নম্বর: ১-০৬০১-০০০১-২৬৩১।</td></tr>
<tr><td rowspan="6">২।</td><td colspan="4">জামানত সম্পর্কিত তথ্য</td></tr>
<tr><td colspan="2">(ক) চেয়ারম্যান পদে জামানতের টাকার পরিমাণ</td><td colspan="2">৫০০০/- (পাঁচহাজার) টাকা</td></tr>
<tr><td colspan="2">(খ) সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে জামানতের টাকার পরিমাণ</td><td colspan="2">১০০০/- (একহাজার) টাকা</td></tr>
<tr><td colspan="2">(গ) সাধারণওয়ার্ডের সদস্য পদে জামানতের টাকার পরিমাণ</td><td colspan="2">১০০০/- (একহাজার) টাকা</td></tr>
<tr><td colspan="4">জামানতের টাকা ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিতে হবে। চালানের মূলকপি মনোনয়নপত্র দাখিলের সময় জমা দিতে হবে।</td></tr>
<tr><td colspan="4">জামানতের টাকা জমাদানের কোড নম্বর: ৬-০৬০১-০০০১-৮৪৭৩</td></tr>
<tr><td rowspan="2">৩।</td><td colspan="4">শুধু চেয়ারম্যান পদে নতুন ব্যাংক একাউন্ট খোলা</td></tr>
<tr><td colspan="4">শুধু চেয়ারম্যান পদের প্রার্থীদের অবশ্যই একটি নতুন ব্যাংক একাউন্ট খুলতে হবে। সরকারি অথবা বেসরকারি যে কোন তফশিলী ব্যাংকে একাউন্ট খোলা যাবে। ব্যাংকের নাম, ঠিকানা, শাখারনাম ও একাউন্ট নম্বর মনোনয়নপত্রের তৃতীয় অংশের ৬ নম্বর ক্রমিকে উল্লেখ করতে হবে। উক্ত ব্যাংক একাউন্টের মাধ্যমে নির্বাচনের ব্যয় পরিচালনা করতে হবে। নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের ৩০ দিনের মধ্যে ব্যয়ের হিসাব অবশ্যই দাখিল করতে হবে, নতুবা মামলার সম্মুখীন হতে হবে। ব্যয় রিটার্নের সাথে উক্ত একাউন্টের ব্যাংক স্টেটমেন্ট দাখিল করতে হবে।</td></tr>
<tr><td rowspan="12">৪।</td><td colspan="4">মনোনয়নপত্র জমার সময় যে সব কাগজ সংযুক্ত করতে হবে</td></tr>
<tr><td>ক</td><td colspan="3">যথাযথভাবে পূরণকৃত মনোনয়নপত্র</td></tr>
<tr><td>খ</td><td colspan="3">প্রার্থীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ১ কপি সত্যায়িত ছবি মনোনয়নপত্রের নির্দিষ্ট স্থানে স্টাপল করে লাগাতে হবেএবং ২ কপি অতিরিক্ত ছবি জমা দিতে হবে।</td></tr>
<tr><td>গ</td><td colspan="3">নির্বাচনী ব্যয় নির্বাহ করিবার জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী(ফরম-ঢ)</td></tr>
<tr><td>ঘ</td><td colspan="3">প্রার্থী আয়কর দাতা হলে- সম্পদ বিবরণী সম্বলিত (১০ বি ফরম) সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের কপিএবং কর পরিশোধের প্রমাণপত্রের কপি।</td></tr>
<tr><td>ঙ</td><td colspan="3">জামানতের টাকা জমাদানের ট্রেজারী চালানের মূলকপি</td></tr>
<tr><td>চ</td><td colspan="3">সিডি ক্রয় বাবদ টাকা জমাদানের ট্রেজারি চালানের ফটোকপি</td></tr>
<tr><td>ছ</td><td colspan="3">চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে দলীয় প্রার্থী সংক্রান্ত মনোনয়নপত্র</td></tr>
<tr><td>জ</td><td colspan="3">প্রস্তাবকারী, সমর্থনকারী ও প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপিএবং ভোটার তালিকার যে পৃষ্টায় নাম আছে সে পৃষ্ঠার ফটোকপি সংযুক্ত করতে হবে</td></tr>
<tr><td>ঝ</td><td colspan="3">অন্যান্য কাগজ-পত্রাদি (প্রযোজ্য ক্ষেত্রে)</td></tr>
<tr><td>ঞ</td><td colspan="3">প্রার্থীর নিজ নাম, পিতার নাম, মাতার নাম, বিবাহিত মহিলার ক্ষেত্রেস্বামীর নাম ইংরেজী Capital Letter (বড় হাতের অক্ষরে) এ আলাদা কাগজে লিখে মনোনয়নপত্রের সাথে দিতে হবে।</td></tr>
<tr><td>ট</td><td colspan="3">মনোনয়নপত্র সহ সকল কাগজ-পত্রাদি A4 সাইজের কাগজে ০২ সেট ফটোকপি করে মূলকপি সহ ০৩ সেট জমা দিতে হবে</td></tr>
<tr><td rowspan="5">৫।</td><td colspan="4">নির্বাচনী ব্যয়ের সীমাঃ</td></tr>
<tr><td colspan="2">পদেরনাম</td><td>ব্যক্তিগত ব্যয়</td><td>নির্বাচনীব্যয়</td></tr>
<tr><td>ক</td><td>চেয়ারম্যান পদে নির্বাচনী ব্যয়</td><td>৫০,০০০/- (পঞ্চাশহাজার) টাকা</td><td>সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষটাকা</td></tr>
<tr><td>খ</td><td>সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনী ব্যয়</td><td>১০,০০০/- (দশ হাজার) টাকা</td><td>সর্বোচ্চ ১ (এক) লক্ষটাকা</td></tr>
<tr><td>গ</td><td>সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনী ব্যয়</td><td>১০,০০০/- (দশ হাজার) টাকা</td><td>সর্বোচ্চ ১ (এক) লক্ষটাকা</td></tr>
</table>

- **মনে রাখবেন-** মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ সময় ০৯ ডিসেম্বর, ২০২১ বিকেল ৫.০০ টা। বিকাল ৫.০০ টার পর কোনক্রমে মনোনয়ন ফরম জমা নেওয়া হবে না।
- মনোনয়নপত্র গ্রহণ ও জমা দেওয়ার সময় প্রার্থী, প্রস্তাবকারী/সমর্থনকারী/আইনজীবী সর্বোচ্চ ৫ জন লোক থাকতে পারবেন এবং সে সময় সকল ধরণের সভা, মিছিল ও শো-ডাউন নিষিদ্ধ।